গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
বাজেট ও অডিট শাখা

বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) -এর সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ফরিদ আহাম্মদ<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রি: |
| সভার সময় | বিকাল ০২:৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) উল্লেখ করেন যে, অদ্যকার বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন বাজেট বাস্তবায়ন এবং ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন সম্পর্কিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) এর সুপারিশ অনুমোদন সংক্রান্ত। অর্থ বিভাগ কর্তৃক ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ১২৪ সংখ্যক স্মারকমূলে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সুপারিশক্রমে ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন অর্থ বিভাগের প্রেরণ করতে হবে।

০২। অর্থ বিভাগের নির্দেশনার আলোকে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা হতে রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়ের ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পাওয়া গেছে, যা নিম্নরূপ:

**২.১ ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক রাজস্ব ও মূলধন প্রাপ্তির পর্যালোচনা:**

(অংকসমূহ হাজার টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | ১ম ত্রৈমাসিক প্রাপ্তি | | |
|---|---|---|---|---|---|
| | | | প্রাক্কলিত প্রাপ্তি (১ম ৩ মাস) ২০২৩-২৪ | প্রকৃত প্রাপ্তি ১ম ৩ মাস | প্রাপ্তির শতকরা হার |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| ১২৪ | সচিবালয় | ৫,২৭,৯৯ | ১,৩২,০৪ | ১,২৭ | ০.৯৭% |
| | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ৫০১,২২,৯৪ | ১২৫,৪০,৭৪ | ১,৪৬,২৯ | ১.১৭% |
| | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ৩,৪০,৯৮ | ৮৫,০০ | ১৩,৬৭ | ১৬.০৮% |
| | শিশু কল্যাণ ট্রাস্ট | ০ | ০ | ০ | ০.০০% |
| | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ২৭ | ৭ | ০ | ০.০০% |
| | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ০ | ০ | ০ | ০.০০% |
| | **সর্বমোট** | **৫০৯,৯২,১৮** | **১২৭,৫৭,৭৮** | **১,৬১,২৩** | **১.২৬%** |

এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি এবং ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির ক্ষেত্রে প্রতিটি দপ্তর/সংস্থা লক্ষ্যমাত্রার তুলনায় অনেকটা পিছিয়ে আছে। সভায় তিনি উল্লেখ করেন যে, প্রকৃতপক্ষে এ মন্ত্রণালয়টি অধিক রাজস্ব আহরণ সংক্রান্ত মন্ত্রণালয় নয়। তথাপি সভায় সকল দপ্তর/সংস্থার অর্জন খুবই কম হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার নিকট হতে যথাযথ কারণ জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সংস্থাসমূহের প্রতিনিধিগণ জানান যে, পরবর্তী ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাপ্তির হার বৃদ্ধির চেষ্টা অব্যাহত থাকবে। সভাপতি রাজস্ব প্রাপ্তি বাড়ানোর ক্ষেত্রে দপ্তর/সংস্থার প্রধানদের বিশেষ গুরুত্ব দেয়ার পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে সভায় ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয় যা নিম্নরূপ:

**২.২ ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক পরিচালন ব্যয়ের পর্যালোচনা:**

মন্ত্রণালয়/বিভাগ: ১২৪-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অংকসমূহ হাজার টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | ১ম ত্রৈমাসিক ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| | | | প্রাক্কলিত ব্যয় (১ম ৩ মাস) ২০২৩-২৪ | প্রকৃত ব্যয় (১ম ৩ মাস) | ব্যয়ের শতকরা হার |
| ১ | ২ | ৫ | ৩ | ৪ | ৫ |
| ১২৪ | সচিবালয় | ৬৭,৭৪,২০ | ১৬,২৭,০২ | ২,১৯,৪৮ | ১৩.৪৯% |
| | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ২২৫৪৫,৫৫,৬৬ (iBAS++ এ বিদ্যমান ২২৪৬২,৪৩,১১) | ৪৫৩৬,৯৬,০১ | ৪৭৪৪,২৬,২৬ | ১০৪.৫৭% |
| | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ২৯,৭৪,০০ | ৭,২৬,৯৫ | ৫,২৮,৫৮ | ৭২.৭১% |
| | শিশু কল্যাণ ট্রাস্ট | ৪৪,৯৩,১৫ | ৯,৭৪,৩০ | ১,০২,৪৩ | ১০.৫১% |
| | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ৬,৫১,৮৬ | ১,৪৪,৬৫ | ৫৯,৬২ | ৪১.২২% |
| | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ৯,৩৩,৬৭ | ১,৯৭,২০ | ১,৩৯,১২ | ৭০.৫৫% |
| | **সর্বমোট** | **২২৭০৩,৮২,৫৪** | **৪৫৭৩,৬৬,১৩** | **৪৭৫৪,৭৫,৪৯** | **১০৩.৯৬%** |

অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভাকে জানান যে, প্রাপ্ত তথ্য অনুযায়ী ১ম ত্রৈমাসিকে সবচেয়ে বেশী বরাদ্দ সম্পন্ন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বাজেট অগ্রগতি সন্তোষজনক। তবে সচিবালয়, শিশু কল্যাণ ট্রাস্ট, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট এর অগ্রগতি কিছুটা কম হলেও সামগ্রিক অগ্রগতি ভালো হয়েছে। সভাপতি পরবর্তী ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখতে অনুরোধ করেন।

**২.৩ ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক উন্নয়ন বাজেটের ব্যয় পর্যালোচনা** (লক্ষ টাকায়)

| ক্র: নং | প্রকল্পের নাম | ২০২৩-২৪ অর্থবছরে মূল বরাদ্দ | | | ব্যয় (১ম ত্রৈমাসিক) | | | ব্যয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্র. সাহায্য | মোট | জিওবি | প্র. সাহায্য | মোট | |
| | | | | | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প (৪র্থ পর্যায়) | ৭৩,১৪.০০ | ০.০০ | ৭৩,১৪.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% |
| ২ | প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প | ৩০,০০.০০ | ০.০০ | ৩০,০০.০০ | ৪১.২২ | ০.০০ | ৪১.২২ | ১.৩৭% |
| ৩ | ৫০৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন | ৫০.০০ | ৮,৭৭.০০ | ৯,২৭.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% |
| ৪ | ঢাকা মহানগরী ও পূর্বাচল সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প | ৩০০,০০.০০ | ০.০০ | ৩০০,০০.০০ | ৫১,৬৬.৭৩ | ০.০০ | ৫১,৬৬.৭৩ | ১৭.২২% |
| ৫ | চাহিদাভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) | ১৩৫০,০০.০০ | ০.০০ | ১৩৫০,০০.০০ | ৫১,৭২.৬৪ | ০.০০ | ৫১,৭২.৬৪ | ৩.৮৩% |
| ৬ | চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয় পুন:নির্মাণ (১ম পর্যায়) | ৪৫০,০০.০০ | ০.০০ | ৪৫০,০০.০০ | ৪৬,৪৭.৮০ | ০.০০ | ৪৬,৪৭.৮০ | ১০.৩৩% |
| ৭ | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি ৪) | ৫৭৩৯,০০.০০ | ২৮৪৭,০০.০০ | ৮৫৮৬,০০.০০ | ৩০৯,৫৭.২১ | ৯৭,৭২.৯৬ | ৪০৭,৩০.১৭ | ৪.৭৪% |
| | থোক বরাদ্দ | ১২২০,০০.০০ | ০.০০ | ১২২০০০.০০ | | | | |

| | সর্বমোট | ৯১৬২,৬৪.০০ | ২৮৫৫,৭৭.০০ | ১২০১৮,৪১.০০ | ৪৫৯,৮৫.৬০ | ৯৭,৭২.৯৬ | ৫৫৭,৫৮.৫৬ | ৪.৬৪% |
|---|---|---|---|---|---|---|---|---|

যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, ২০২৩-২৪ অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প সংখ্যা ০৭টি যার অনুকূলে উন্নয়ন বাজেটে বরাদ্দ ১২০১৮,৪১.০০ লক্ষ (বার হাজার আঠার কোটি একচল্লিশ লক্ষ) টাকা। ১ম ত্রৈমাসিকে ব্যয় করা হয়েছে ৫৫৭,৫৮.৫৬ লক্ষ (পাঁচশত সাতান্ন কোটি আটান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা এবং অগ্রগতির হার মাত্র ৪.৬৪%। চলতি অর্থবছরে উপবৃত্তি বিতরণ পুরোপুরি সম্পন্ন হয়নি। তাছাড়া অবকাঠামো খাতেও পর্যাপ্ত ব্যয় না হওয়ায় রাজস্ব ও উন্নয়ন বাজেটে অগ্রগতি কম হয়েছে বলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন।

০৩। সভাপতি প্রকল্পে ১ম ত্রৈমাসিকে অর্থছাড় কাঙ্খিত পর্যায়ে হলেও ব্যয় সন্তোষজনক না হওয়ায় সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বাড়ানোর বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভাপতি সকল দপ্তর/সংস্থার বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সকল দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনার জন্য পরবর্তী মাসের ২য় সপ্তাহের মধ্যে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। পরবর্তী মাসের ৩য় সপ্তাহের মধ্যে বাজেট অগ্রগতি পরিবীক্ষণ ও বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় প্রাপ্ত সুপারিশ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করে তা অনুমোদনক্রমে অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণের নির্দেশ প্রদান করেন।

০৫। অত:পর অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে পরিচালন ব্যয় খাতে ২২৭০৩,৮২,৫৪ হাজার (বাইশ হাজার সাতশত তিন কোটি বিরাশি লক্ষ চুয়ান্ন হাজার) টাকা এবং উন্নয়ন ব্যয় খাতে ১২০১৮,৪১,০০ হাজার (বার হাজার আঠার কোটি একচল্লিশ লক্ষ) টাকাসহ মোট ৩৪৭২২,২৩,৫৪ হাজার (চৌত্রিশ হাজার সাতশত বাইশ কোটি তেইশ লক্ষ চুয়ান্ন হাজার ) টাকার বাজেট বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু সংশোধিত বাজেটে পরিচালন ব্যয় খাতে ২২৫৬৬,২১,০৬ হাজার (বাইশ হাজার পাঁচশত ষেষট্টি কোটি একুশ লক্ষ ছয় হাজার) টাকা এবং উন্নয়ন ব্যয় খাতে ৮৮৪০,৮৯,৩০ হাজার (আট হাজার আটশত চল্লিশ কোটি উননব্বই লক্ষ ত্রিশ হাজার) টাকার সংশোধিত প্রস্তাব পাওয়া গেছে।

০৬। অর্থ বিভাগের যাচিত ফরমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব আয় ও প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলণ ও প্রক্ষেপণ নিম্নরূপ:

### ৬.১ ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত সংশোধিত বাজেটে রাজস্ব ও মূলধন প্রাপ্তির পর্যালোচনা:

(হাজার টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২৩-২৪ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|
| ১২৪ | সচিবালয় | ৫,২৭,৯৯ | ১৯,৩৬ | -৫০৮,৬৩ |
| | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ৫০১,২২,৯৪ | ৫০১,২২,৯৪ | ০ |
| | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ৩,৪০,৯৮ | ৩,৪০,৯৮ | ০ |
| | শিশু কল্যাণ ট্রাস্ট | ০ | ০ | ০ |
| | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ২৭ | ২৭ | ০ |
| | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ০ | ০ | ০ |
| | সর্বমোট | **৫০৯,৯২,১৮** | **৫০৪,৮৩,৫৫** | **-৫০৮,৬৩** |

### ৬.২ ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন ব্যয়ের প্রস্তাবিত সংশোধিত বাজেট পর্যালোচনা:

মন্ত্রণালয়/বিভাগ: ১২৪-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(হাজার টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২৩-২৪ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|
| ১২৪ | সচিবালয় | ৬৭,৭৪,২০ | ৬৭,৭৪,২০ | ০ |
| | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ২২৫৪৫,৫৫,৬৬ | ২২৪০৮,৪১,৮৫ | -১৩৭,১৩,৮১ |
| | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ২৯,৭৪,০০ | ২৯,৭৪,০০ | ০ |
| | শিশু কল্যাণ ট্রাস্ট | ৪৪,৯৩,১৫ | ৪৪,৯৩,১৫ | ০ |
| | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ৬,৫১,৮৬ | ৬,৩৭,৮৬ | -১৪,০০ |
| | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ৯,৩৩,৬৭ | ৯,০০,০০ | -৩৩,৬৭ |
| | **সর্বমোট** | **২২৭০৩,৮২,৫৪** | **২২৫৬৬,২১,০৬** | **১৩৭,৬১,৪৮** |

সভায় অর্থ বিভাগের প্রতিনিধি জানান যে, অর্থ বিভাগের সংশোধিত বাজেটের যৌক্তিককরণ সভায় সমর্পণযোগ্য ১৩৭,৬১,৪৮ হাজার (একশত সাঁইত্রিশ কোটি একষট্টি লক্ষ আটচল্লিশ হাজার) টাকা হতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর' উপজেলা পর্যায়ে নবসৃষ্ট পদে নিয়োগের লক্ষ্যে অর্থনৈতিক কোড ৩২১১১৩৫- নিয়োগ পরীক্ষা খাতে ১২,১০,০৬,৪৩৫ (বার কোটি দশ লক্ষ ছয় হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা বরাদ্দ প্রদান করা হবে।

**৬.৩ ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত (উন্নয়ন) বাজেট পর্যালোচনা:**

(লক্ষ টাকায়)

| ক্রনং | প্রকল্পের নাম | মোট এডিপি বরাদ্দ | | | নভেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয় | শতকরা হার (%) | সংশোধিত বাজেট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | মোট | | | জিওবি | প্রকল্প সাহায্য | মোট |
| ১ | চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) | ৪৫০০০.০০ | ০.০০ | ৪৫০০০.০০ | ১০২৬৪.৩২ | ২২.৮১ | ৩৩৫০০.০০ | ০.০০ | ৩৩৫০০.০০ |
| ২ | প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্প | ৭৩১৪.০০ | ০.০০ | ৭৩১৪.০০ | ০.০০ | ০.০০ | ৪৩০৮.৮২ | ০.০০ | ৪৩০৮.৮২ |
| ৩ | প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প | ৩০০০.০০ | ০.০০ | ৩০০০.০০ | ৩৯৯.৪৩ | ১৩.৩১ | ২০৩০.০০ | ০.০০ | ২০৩০.০০ |
| ৪ | চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) | ১৩৫০০০.০০ | ০.০০ | ১৩৫০০০.০০ | ১৩২১৮.৩১ | ৯.৯৭ | ৭০৬৪০.০০ | ০.০০ | ৭০৬৪০.০০ |
| ৫ | ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প | ৩০০০০.০০ | ০.০০ | ৩০০০০.০০ | ৫১৭৬.৫৯ | ১৭.২৬ | ১০৯৭৮.০০ | ০.০০ | ১০৯৭৮.০০ |
| ৬ | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) | ৫৭৩৯০০.০০ | ২৮৪৭০০ | ৮৫৮৬০০ | ১১৪২১১.০০ | ১৩.৩০ | ৪১৮৭২৮.৬২ | ২১৯৯৭২.৩৬ | ৬৩৮৭০০.৯৮ |
| ৭ | বাংলাদেশের ৫০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ভাষা ল্যাব স্থাপন | ৫০.০০ | ৮৭৭.০০ | ৯২৭.০০ | ৩০২.১০ | ৩২.৫ | ৩১৯.১০ | ১৬১২.৪০ | ১৯৩১.৫০ |
| | সাধারণ থোক | ১২২০০০.০০ | ০.০০ | ১২২০০০.০০ | ০.০০ | ০.০০ | ১২২০০০.০০ | ০.০০ | ১২২০০০.০০ |
| | মোট: | ৯১৬২৬৪.০০ | ২৮৫৫৭৭.০০ | ১২০১৮৪১.০০ | ১৪৩৫৭১.৭৫ | ১১.৯৪ | ৬৬২৫০৪.৫৪ | ২২১৫৮৪.৭৬ | ৮৮৪০৮৯.৩০ |

০৭। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন এবং উন্নয়ন বাজেটের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর'২০২২) পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর'২০২৩) রাজস্ব প্রাপ্তি, পরিচালন এবং উন্নয়ন বাজেটের বরাদ্দ বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী প্রাপ্তি/ব্যয়ের সক্ষমতা বৃদ্ধি করতে হবে;

(গ) দপ্তর/সংস্থা বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতি ত্রৈমাসিক শেষে ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন এবং ২য় সপ্তাহের মধ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করে তা অনুমোদনক্রমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

( ঘ) মন্ত্রণালয় ও অধীন দপ্তর/সংস্থাসমূহকে আগামী ০৭/১২/২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে;

(ঙ) চলতি ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেটের সংশোধিত প্রাক্কলনসমূহসহ সংশোধিত নন-এডিপি স্কিমসমুহের প্রাক্কলনসমূহ আগামী ৭ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এ প্রেরণ করতে হবে;

(চ) চলতি ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/প্রকল্পসমূহের প্রাক্কলনসমূহ অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, পরিকল্পনা বিভাগের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদ আহাম্মদ
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৬.২০.১৫৬.২২.৩৮৭

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫) মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৬) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরীবিক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
১০) যুগ্মসচিব (বাওঅ), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১২) উপসচিব (বাজেট-১ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।
১৪) সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) সিস্টেম এনালিস্ট , আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৬) অফিস কপি।

মোঃ ইবাদত হোসেন
উপসচিব